

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৪০.১১.০০০২.২৫.৫৪৩৮

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর এর সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের
লক্ষ্যে ১৪ জন আনসার সদস্যের সেবা ক্রয়

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০১৮৮.২২.৪৩৭, তারিখ: ২৩.০৯.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর-এর সার্বিক নিরাপত্তা শৃঙ্খলা রক্ষার স্বার্থে ১৪ (চৌদ্দ) জন আনসার সদস্যের সেবা ০১.১০.২০২৬ হতে ৩০.০৬.২০২৮ পর্যন্ত ক্রয়ে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

(ক) অর্থ বিভাগের পূর্বানুমতি ব্যতীত সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে না মর্মে নির্দেশনা থাকায় মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ মাস পূর্বে নিয়োজিত আনসার সদস্যের বেতন ভাতা প্রদান সংক্রান্ত তথ্যাদিসহ স্বাস্থ্য সেবা বিভাগে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করতে হবে;

(খ) এ সেবা গ্রহণের মেয়াদ ৩০.০৬.২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত কার্যকর থাকবে;

(গ) কেবলমাত্র বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এ সেবা গ্রহণ করা যাবে; এবং

(ঘ) আনসার সদস্যের সেবা ক্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সকল নির্দেশনা (জারিকৃত বা জারিতব্য) প্রযোজ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

১২-১০-২০২৬
ইমতিয়াজ হোসেন
উপসচিব
ইমেইল : admin1@hsd.gov.bd

তত্ত্বাবধায়ক

২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৪০.১১.০০০২.২৫.৫৪৩৮/১(৯)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩
১২ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২। সচিব, অর্থ বিভাগ।
- ৩। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
- ৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর।
- ৫। যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৬। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৮। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৯। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।



১২-১০-২০২৬
ইমতিয়াজ হোসেন
উপসচিব